

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

চাতুরী শাখা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স রাজ্জাক ডেইরি ফার্ম, মালিক-জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতাঃ মৃত আব্দুর রাজ্জাক, মাতা কুনছুমা খাতুন, ব্যবসায়িক ঠিকানাঃ চর ফরিদ, গ্রামঃ-চর ফরিদ, ডাকঃ চরলক্ষ্যা, উপজেলাঃ কর্ণফুলী, চট্টগ্রাম। স্থায়ী ঠিকানাঃ হাজী আব্দুল জলিলের বাড়ী, গ্রামঃ-ডাকঃ শিকলবাহা, উপজেলাঃ কর্ণফুলী, চট্টগ্রাম, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড চাতুরী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি(যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরী পত্রের শর্ত মোতাবেক ওডি(জে) এগ্রো ঋণ বাবদ পরিশোধ না করায় বিগত ১৮/০৫/২০২২ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা ৬৩,০৩,২৫৩/- (তেষটি লক্ষ তিন হাজার দুইশত তিগ্নান্ন) টাকা এবং মেয়াদী এগ্রো ঋণ বাবদ বিগত ১৮/০৫/২০২২ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা ২০,৯৪,৭২৩/- (বিশ লক্ষ চুরানব্বই হাজার সাতশত তেইশ) টাকা সমুদয় ঋণের মোট ৮৩,৯৭,৯৭৬/- (তিরিশ লক্ষ সাতানব্বই হাজার নয়শত চিয়াত্তর) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

তফসিলঃ-১) জিলা-চট্টগ্রাম, থানা-পটিয়া, জে এল নং ২৬, মৌজাঃ-দারাক, আর এস খতিয়ান নং ১৩৫, আর এস প্লট নং ৩৮৪ & বি.এস খতিয়ান ২১৯, বি.এস প্লট নং- ৪০৩, ৪০৪, ৪০৫, বি.এস মিউটেশন খতিয়ান নং-২৬৮, বি.এস প্লট নং- ৪০৩, ৪০৪, ৪০৫, জায়গার পরিমাণ ১১.০০ ডেসিমেল জমি।

তফসিলঃ-২) জিলা-চট্টগ্রাম, থানা-পটিয়া, জে এল নং ২৬, মৌজাঃ-দারাক, আর এস খতিয়ান নং ৬৪, আর এস প্লট নং ১৯৪, ১৯৫ বি.এস খতিয়ান ১৬৭, বি.এস প্লট নং-১৯০, ১৯১, বি.এস মিউটেশন খতিয়ান নং-২৫৮, বি.এস প্লট নং- ১৯০, ১৯১ জায়গার পরিমাণ ১৯.৮৪ ডেসিমেল জমি।

তফসিলঃ-৩) জিলা-চট্টগ্রাম, থানা-পটিয়া, জে এল নং ০৯, মৌজাঃ- চরফরিদ, আর এস খতিয়ান নং ৪১৩, ৭৩, ৩৯৩ আর এস প্লট নং ১১৮৮, ১১৯৭, ১১৮৬, ১২০০, ১২০১, ১২০৫, ১১৮১, ১১৯৪, ১১৮৪, ১১৮৭, ১১৮৫, ১১৯১, ১১৭৫, ১১৭৭, ১১৭৯, বি.এস খতিয়ান ২৩২, ২৩৪, ২২৫, বি.এস প্লট নং- ১২৮৪, ১৩০০, ১২৭৪, ১২৭৫, ১২৯৭, ১২৯৬, ১২৯৫, ১২৭৭, ১২৭৮, ১৩০৩, ১৩০৪, ১৩০৫, ১২৭১, ১২৭২, ১২৭৩, ১২৮১, ১২৮৭, ১২৮৯, ১২৬০, ১২৫৯, ১২৭০, ১২৬৪, ১২৬৫, বি.এস মিউটেশন খতিয়ান নং- ১৩৪৯, বি.এস প্লট নং- ১২৭০, ১২৭১, ১২৮৪, জায়গার পরিমাণ ১৬.০০ ডেসিমেল জমি।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২২/০৬/২০২২ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ,আনোয়ারা শাখায় রক্ষিত বাঞ্ছে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাতুরী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ)টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ)টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ)টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ চাতুরী শাখা।